

শ্রীধাম ওড়াকান্দী ঘাটলা বন্ধন

একদিন পৌষমাসে রজনী প্রভাতে।
 মহাপ্রভু বসেছেন পুকুর পাড়েতে।
 উত্তর কূলেতে এক ঘাট বাঁধা আছে।
 খান্না হেলি তক্তাগুলি খসিয়া পড়েছে।
 ঠাকুর ডাকেন 'ওরে গোলোক কোথায়।
 ঘাট ভেঙ্গে গেছে বাহা বেঁধে দে ত্বরায়।
 আজ্ঞামাত্র গোলোক নামিল গিয়া জলে।
 হেলেছিল খান্নাগুলি উঠাইল ঠেলে।
 ভালকরি খান্নাপুতি বাঁশ পাতি দিল।
 দৃঢ়করি আরো দু'টি খান্না লাগাইল।
 দুইধারে দুই বাঁশ দিলেন আড়না।
 তাহার উপরে বাঁশপাতি দিল আনি।
 দুইধারে বাঁধে ঘাট বিচিত্র বাখানি।
 ঠিক যেন দুইথরে ইটের গাঁথুনি।
 গোলোক নামিল যবে জলের ভিতরে।
 মহাপ্রভু তখন গেলেন অন্তঃপুরে।
 একে তো দুরন্ত শীত সহনে না যায়।
 আরো উত্তরিয়া হাওয়া লাগিতেছে গায়।
 পাগলের অসহ্য সে শীতের যাতনা।
 হেনকালে মনে মনে করেছে ভাবনা।
 থরথর কম্প শীতে কাঁপে অধরোষ্ঠ।
 গুরুকার্যে এত কষ্ট মম দুরদৃষ্ট।
 বুড়া হাতে সহিতে না পারি এত কষ্ট।
 ইহা হ'তে শতগুণে মৃত্যু মম শ্রেষ্ঠ।
 পরিষ্কার পরিচ্ছন্ন বাঁধা হ'ল ঘাট।
 হেনকালে গেল প্রভু পুকুরের তট।
 প্রভু বলে ঘাট বাঁধা হয়েছে সুন্দর।
 শে'লাগুলি তুলি' ফেল কূলের উপর।
 অন্তঃপুরে থেকে ডেকে কন ঠাকুরাণী।
 পাকশালা হ'তে বলে জগৎজননী।

একে তো গোলোক চাহিতেছে মরিবার।
 গোলোকে কষ্টের কার্যে নাহি দিও আর।
 ঠাকুর গোলোকে কহে "শুনে মরি লাজে।
 মরিতে চাহিস্ বেটা এইটুকু কাজে।
 তুচ্ছ ঘাট বাঁধা তা'তে মরিতে চাহিলি।
 ত্রেতাযুগে সেতুবন্ধ কেমনে করিলি।
 হারিলি কামের ঠাঁই বলেও হারিলি
 হারিলি শীতের ঠাঁই কূলে দিলি কালি।
 শ্রীমুখের এই বাক্য শুনিয়া গোলোক।
 উত্তেজিত হ'য় যেন জুলন্ত পাবক।
 নামিয়া পড়িল জলে হইয়া দ্রোণিত।
 মহাবীর্যে রতকার্যে পলাইল শীত।
 জয়হরি বলরে গৌর হরিবল।
 সিংহসম ধ্বনি করি উল্টিছে জল।
 ঝাঁপ দিয়া পড়ে জলে করি হরিধ্বনি।
 অর্দ্ধদণ্ডে সাফ কৈল অর্দ্ধ পুষ্করিণী।
 শৈবালাদি যত ছিল উত্তরের দিকে।
 দু'হাতে সাপুটে ধরি কূলে মারে ফিকে।
 শতজনে দিন ভরি যাহা নাহি পারে।
 অর্দ্ধদণ্ডে একা তাহা করিল সত্বরে।
 অর্দ্ধ পুষ্করিণী সাফ যখন হইল।
 "উঠরে গোলোক!" বলি ঠাকুর ডাকিল।
 মহাপ্রভু বলে 'হ'ল পুকুর নিস্মল।
 গোলোকের গুণে জল যেন গঙ্গাজল।
 এইরূপে পুষ্করিণী পরিষ্কার করে।
 গোলোক গৌসাই গেল বাড়ীর ভিতরে।
 গোলোকে ডাকিয়া বলে দেবী শান্তিমাতা।
 'মরিতে চাহিলি এবে শীত গেল কোথা?
 গোলোক চরণে পড়ি বলেছে ভারতী।
 জনমে জনমে যেন পদে থাকে মতি।
 হরিচাঁদ-লীলা কথা সুধাধিক সুধা।
 রচিল তারক পুষ্করিণী ঘাটবাঁধা।